

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়  
(এনডিআরসিসি)  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং ৫১.০০.০০০০০.৪২৩.৪০.০০৪.২০১৬-৩৩২

তারিখঃ ২২/১০/২০১৬ খ্রিঃ।

**বিষয়ঃ আবহাওয়া অফিস থেকে প্রাপ্ত সর্বশেষ আবহাওয়া পরিস্থিতির প্রেক্ষিতে করণীয় প্রসংগে।**

**আবহাওয়ার বিশেষ বিজ্ঞপ্তি ক্রমিক নম্বর ০৩ (তিন), তারিখ: ২২.১০.২০১৬ খ্রিঃ**

পূর্ব-মধ্য বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত নিম্নচাপটি উত্তরপূর্ব দিকে অগ্রসর হয়ে একই এলাকায় (১৪.৫° উত্তর অক্ষাংশ এবং ৯১.৩° পূর্ব দ্রাঘিমাংশ) অবস্থান করছে। এটি আজ সন্ধ্যা ০৬ টায় (২২ অক্টোবর ২০১৬ খ্রিঃ) চট্টগ্রাম সমুদ্রবন্দর থেকে ৮৬০ কিঃ মিঃ দক্ষিণ-দক্ষিণপশ্চিমে, কক্সবাজার সমুদ্রবন্দর থেকে ৭৭৫ কিঃ মিঃ দক্ষিণ- দক্ষিণপশ্চিমে, মংলা সমুদ্রবন্দর থেকে ৯০৫ কিঃ মিঃ দক্ষিণে এবং পায়রা সমুদ্র বন্দর থেকে ৮৪০ কিঃ মিঃ দক্ষিণে অবস্থান করছিল। এটি আরও ঘনীভূত হয়ে পূর্ব-উত্তরপূর্ব দিকে অগ্রসর হতে পারে। নিম্নচাপ কেন্দ্রের ৪৪ কিঃ মিঃ এর মধ্যে বাতাসের একটানা সর্বোচ্চ গতিবেগ ঘন্টায় ৪০ কিঃমিঃ যা দম্কা অথবা ঝড়োহাওয়ার আকারে ৫০ কিঃ মিঃ পর্যন্ত বৃদ্ধি পাচ্ছে। নিম্নচাপ কেন্দ্রের নিকটবর্তী এলাকায় সাগর উত্তাল রয়েছে। চট্টগ্রাম, কক্সবাজার, মংলা ও পায়রা সমুদ্র বন্দর সমূহকে ০১ (এক) নম্বর পুনঃ ০১ (এক) নম্বর দূরবর্তী সতর্ক সংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে। উত্তর বঙ্গোপসাগরে অবস্থানরত সকল মাছ ধরার নৌকা ও ট্রলারকে গভীর সাগরে বিচরণ না করতে বলা হয়েছে।

২। আবহাওয়া বিভাগ কর্তৃক উক্ত সতর্কতা জারীর প্রেক্ষিতে ‘দুর্যোগ সংক্রান্ত স্থায়ী আদেশাবলী’ অনুসরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। বিষয়টি অতীব জরুরী।

স্বাক্ষরিত/-

(জি এম আব্দুল কাদের)  
উপসচিব (এনডিআরসিসি)  
ফোনঃ ৯৫৪৫১১৫

- ০১। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম, খুলনা ও বরিশাল।  
০২। জেলা প্রশাসক (সকল), চট্টগ্রাম, খুলনা ও বরিশাল বিভাগ।  
০৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা, চট্টগ্রাম, খুলনা ও বরিশাল বিভাগ।

**সদস্য অবগতির জন্যঃ (জেষ্ঠতার ভিত্তিতে নয়)**

- ১। সচিব, দুর্যোগব্যবস্থাপনাওত্রাণমন্ত্রণালয়।  
২। অতিরিক্ত সচিব (প্রশাসন), দুর্যোগব্যবস্থাপনাওত্রাণমন্ত্রণালয়।  
৩। অতিরিক্ত সচিব (দুব্যাঃ), দুর্যোগব্যবস্থাপনাওত্রাণমন্ত্রণালয়।  
৪। মহা পরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।  
৫। এনপিডি, সিডিএমপি, ঢাকা।  
৬। যুগ্ম-সচিব(ত্রাণ)/(দুব্যাঃ)/(প্রশাসন)/(দুব্যাঃপ্রঃ), দুর্যোগব্যবস্থাপনাওত্রাণমন্ত্রণালয়।  
৭। উপ-সচিব (সকল), দুর্যোগব্যবস্থাপনাওত্রাণমন্ত্রণালয়।  
৮। পরিচালক, সিপিপি, মগবাজার, ঢাকা।  
৯। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগব্যবস্থাপনাওত্রাণমন্ত্রণালয়।  
১০। সিনিয়র তথ্য কর্মকর্তা, দুর্যোগব্যবস্থাপনাও ত্রাণ মন্ত্রণালয়।